ভোরের কাগজ
তারিখ JUL 7 9 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫

# কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রমে

# ভর্তির বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালা ও শিক্ষাক্রম অনুযায়ী ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে দূর শিক্ষণে তিন বছরমেয়াদি কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রমে প্রথম পর্বে ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

২। এই শিক্ষাক্রমে ভর্তি হওয়ার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস.এস. সি (ভোকেশনাল)/বিজ্ঞান বা সমমানের বিজ্ঞান পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগে পাস হতে হবে।

৩। ১১টি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের জন্য সর্বমোট ১০০০ (এক হাজার) জন প্রার্থী জেলা কোটার ভিত্তিতে নির্বাচন করা হবে।

৪। উপজাতি ও মহিলা প্রার্থীদের ভর্তি যোগ্যতার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ৫% উপজাতি ও ১৫% মহিলা কোটা সংরক্ষণ করা হবে।

৫। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১১টি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রেরিত রসিদের মাধ্যমে ভর্তির আবেদন ফরম বাবদ ১০/- (দশ) টাকা তথ্য বিবরণী ও নির্দেশাবলীর মূল্য বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং ভর্তি পরীক্ষার ফি বাবদ ৭০/- (সত্তর) টাকা অর্থাৎ সর্বমোট ১৩০/- (একশত ত্রিশ) টাকা বিনিময়ে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করতে হবে। দেশের কোন জেলার প্রার্থী কোন প্রশিক্ষণ ইনস্টিটিউট থেকে ফরম পাবে এবং কোথায় জমা দিবে ও ভর্তি হবে তার বিবরণ নিচে দেওয়া হলো।

| ক্রমিক নং | জেলার নাম | জেলার সংখ্যা | যে প্রশিক্ষণ ইনস্টিটিউট থেকে ভর্তি ফরম সংগ্রহ করবে ও জমা দিবে |
|---|---|---|---|
| ১। | দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, রংপুর, নীলফামারী | ৫টি | তাজহাট, রংপুর |
| ২। | বগুড়া, জয়পুরহাট, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট | ৫টি | গাইবান্ধা |
| ৩। | সিরাজগঞ্জ, পাবনা, নাটোর, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, কুষ্টিয়া | ৭টি | ঈশ্বরদী, পাবনা |
| ৪। | ফরিদপুর, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, মাগুরা, ঝিনাইদহ, রাজবাড়ী | ৭টি | ফরিদপুর |
| ৫। | খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোহর, নড়াইল, মেহেরপুর, চুয়াডাঙ্গা | ৭টি | দৌলতপুর, খুলনা |
| ৬। | ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, শেরপুর, জামালপুর | ৫টি | শেরপুর |
| ৭। | নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর | ৫টি | বেগমগঞ্জ, নোয়াখালী |
| ৮। | বরিশাল, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা | ৬টি | রহমতপুর, বরিশাল |
| ৯। | সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌঃ বাজার, বি-বাড়িয়া | ৫টি | খাদিমনগর, সিলেট |
| ১০। | চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাংগামাটি, বান্দরবান | ৫টি | হাটহাজারী, চট্টগ্রাম |
| ১১। | ঢাকা, মানিকগঞ্জ, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল | ৭টি | শের-ই-বাংলা নগর, ঢাকা |

৬। আগ্রহী প্রার্থীগণকে ১৫ই আগস্ট/৯৯-এর মধ্যে আবেদনপত্র সংগ্রহ ও জমা দিতে হবে। ডাক মারফত বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। যোগ্য প্রার্থীদের তালিকা ১৭ই আগস্ট/৯৯ তারিখে প্রকাশ করা হবে এবং ২১ শে আগস্ট/৯৯ সকাল ১০-০০টা হতে ১২-০০টা পর্যন্ত ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। ২৩ শে আগস্ট/৯৯ তারিখের মধ্যে ফলাফল প্রকাশ (অপেক্ষমাণ তালিকাসহ) এবং ২৫ শে আগস্ট/৯৯ থেকে ০৫ সেপ্টেম্বর/৯৯-এর মধ্যে ভর্তি হতে হবে। অপেক্ষমাণ তালিকাভুক্ত ছাত্র-ছাত্রী ০৬ সেপ্টেম্বর/৯৯ হতে ০৯ সেপ্টেম্বর/৯৯ তারিখের মধ্যে ভর্তি হতে পারবে। ভর্তির সময় প্রত্যেক ছাত্রছাত্রীকে প্রথম সিমেস্টারের পাঠ্যপুস্তক ও অন্যান্য ফি বাবদ ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা জমা দিতে হবে।

৭। আবেদনপত্রের সাথে যে জেলার অধিবাসী তার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান-এর সনদপত্র জমা দিতে হবে।

৮। আবেদন ফরমের সাথে বোর্ড প্রদত্ত এস, এস, সি (বিজ্ঞান) পরীক্ষার মূল নম্বর পত্রের সত্যায়িত কপি, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রশংসাপত্রের সত্যায়িত কপি এবং ২(দুই) কপি সত্যায়িত ফটো ও ফরম সংগ্রহের সময় প্রাপ্ত রসিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ভর্তির সময় সনদপত্রের মূল কপি জমা দেওয়া সম্ভব না হলে টেস্টিমনিয়াল গ্রহণযোগ্য হবে।

৯। ভর্তির সময় প্রার্থীকে তার এসএসসি পরীক্ষা পাসের প্রমাণ হিসেবে বোর্ড হতে প্রদত্ত মূল নম্বর পত্র সংশ্লিষ্ট ইনস্টিটিউটে সংরক্ষণের জন্য জমা দিতে হবে। কোন প্রার্থী উক্ত নম্বর পত্র ফেরত নিলে তার ভর্তি বাতিল করা হবে।

মুহাম্মদ কামরুল হাবিব
পরিচালক
প্রশিক্ষণ উইং।

ডিএফপি-১৫৪৫০-১৩/৭/৯৯ (১৫"×৩)
জিদ-১৬৮৮/৯৯